



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

প্রশাসন শাখা



www.eedmoe.gov.bd

নম্বর ৩৭.০৭.০০০০.০০৮.৮৩.০০৮.২১.১৯০

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮

১২ আগস্ট ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের নবায়ন ফি জমা দেয়ার অনুমতি সংক্রান্ত।

এতদ্বারা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণির ঠিকাদার-কে ২০২০-২০২১ অর্থ বছরের লাইসেন্স নবায়ন ফি প্রদানকারী প্রতিষ্ঠানকে ২০২১-২০২২ অর্থবছরের নবায়নের লক্ষ্যে পিপিআর'২০০৮ সংশোধিত গেজেট ২০০৯ মোতাবেক নির্দিষ্ট ফি জমাদানের জন্য নিম্নবর্ণিত ছকে প্রদত্ত সময়সূচি অনুযায়ী সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে নগদ টাকা প্রদানপূর্বক মূল রশিদ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো:

ঠিকাদারের শ্রেণি	নবায়ন ফি বাবদ নির্ধারিত টাকা	বিনা জরিমানায় নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ	৫০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ	১০০% জরিমানাসহ নবায়ন ফি জমা দেয়ার শেষ তারিখ	মন্তব্য
এ-১ (এ-ওয়ান)/ এ-২ (এ-টু)	২০০০/-	৩০/০৯/২০২১	৩১/১০/২০২১	৩০/১১/২০২১	সরকারি বিধি মোতাবেক ভ্যাটসহ নবায়ন ফি পরিশোধ করতে হবে।

২.০ উল্লেখ্য, ৩০/১১/২০২১ তারিখের পরে ২০২১-২০২২ অর্থবছরের এবং যারা ২০২০-২০২১ অর্থবছর বা পূর্ববর্তী বছরের নবায়ন ফি জমা দিতে ব্যর্থ হয়েছেন/হবেন, তাদের-কে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে প্রধান প্রকৌশলীর অনুমতি গ্রহণপূর্বক নবায়ন ফি জমা দিতে হবে।

৩.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

১২-৮-২০২১

আসাদুজ্জামান
উপপরিচালক

ফোন: ০২-৯৫৫৭৭৬৯

ইমেইল: dd_ad@eedmoe.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যালয়ে প্রেরণ করা হল:

১) তত্ত্বাবধায় প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,.....সার্কেল

২) নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়,.....।